দিনাজপুরে খুদে খেলোয়াড়দের নতুন ফুটবল উপহার

দিনাজপুর প্রতিনিধি

ছেঁড়াফাটা ফুটবল দিয়ে চলছিল খেলা। খবর পেয়ে দিনাজপুরের কাঞ্চন ব্রিজ সংলগ্ন নতুনপাড়া ও বালুয়াডাঙ্গা মসজিদ মাঠে ছুটে যান পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব ফরহাদ রহমান প্লাবন। সঙ্গে নিয়ে যান নতুন ফুটবল ও কোকাকোলা। এভাবেই শহরের বিভিন্ন মাঠে খুদে খেলোয়াড়দের পাশে দাঁড়াচ্ছেন তিনি। নতুন ফুটবল পেয়ে আনন্দে মেতে ওঠে খুদে খেলোয়াড়রা। খেলাধুলার প্রতি শিশু-কিশোরদের আগ্রহ বাড়াতে এমন উদ্যোগের প্রশংসা করেছেন স্থানীয়রা। খেলাধুলার সমস্যা ও প্রয়োজনের খবর পেলেই সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার কথা জানান ক্রীড়াপ্রেমী ফরহাদ রহমান প্লাবন।

১১টি মাদক মামলার আসামি নয়ন চৌধুরী ইয়াবাসহ গ্রেপ্তার

বশির আহাম্মদ, বান্দরবান

বান্দরবান পৌরসভার মেম্বার পাড়ায় মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়ে ১১টি মাদক মামলার এজাহারনামীয় আসামি নয়ন চৌধুরী (৫০)-কে ৩৪৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ গ্রেপ্তার করেছে বান্দরবান সদর থানা পুলিশ। গত সোমবার (২৪ আগস্ট) দিবাগত রাত আনুমানিক ১টা ১৫ মিনিটের দিকে বান্দরবান পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের মেম্বার পাড়ায় রঞ্জিত চৌধুরীর বাড়ির ভাড়াটিয়া বাসার সামনে এ অভিযান পরিচালনা করা হয়।

জানা যায়, বান্দরবান সদর থানার এসআই (নিরস্ত্র) রহিত কুমার বিশ্বাসের নেতৃত্বে পুলিশের একটি দল মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযানের সময় ওই এলাকায় সন্দেহজনকভাবে অবস্থান করা নয়ন চৌধুরীকে আটক করা হয়। পরে তার দেহ তল্লাশি চালিয়ে ৩৪৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। ইয়াবা উদ্ধারের পর তাকে গ্রেপ্তার করে থানায় নিয়ে যায় পুলিশ। গ্রেপ্তার নয়ন চৌধুরী (৫০) বান্দরবান পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের মেম্বার পাড়ায় রঞ্জিত চৌধুরীর বাড়ির ভাড়াটিয়া হিসেবে বসবাস করেন। তিনি মৃত অরুন চৌধুরীর ছেলে ও বাসনা চৌধুরীর সন্তান।

পুলিশের তথ্য অনুযায়ী, নয়ন চৌধুরীর বিরুদ্ধে এর আগেও মাদকদ্রব্য সংক্রান্ত ১১টি মামলা রয়েছে।

একাধিক মামলার আসামি হওয়ার পরও তার কাছ থেকে নতুন করে ইয়াবা উদ্ধারের ঘটনায় এলাকায় মাদকবিরোধী পুলিশের অভিযান ও নজরদারি নিয়ে গুরুত্ব দেখা দিয়েছে। এ ঘটনায় উদ্ধার করা ৩৪৫ পিস ইয়াবা ট্যাবলেট জব্দ করে গ্রেপ্তার ব্যক্তির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় নতুন করে মামলা রুজুর প্রক্রিয়া নেওয়া হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

বান্দরবান সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহেদ পারভেজ বলেন, “মাদকের বিরুদ্ধে বান্দরবান সদর থানা পুলিশের অভিযান অব্যাহত রয়েছে। মাদক ব্যবসা ও মাদক সরবরাহের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। মাদক নির্মূলে পুলিশের পাশাপাশি স্থানীয়দেরও সহযোগিতা প্রয়োজন।”

পুলিশ জানিয়েছে, বান্দরবান শহর ও আশপাশের এলাকায় মাদকদ্রব্যের বিস্তার রোধে নিয়মিত অভিযান ও গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে। মাদক বিক্রি, সরবরাহ ও সংরক্ষণের সঙ্গে জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার পাশাপাশি মাদকের বিরুদ্ধে জনসচেতনতা বাড়াতেও কাজ করছে আইনশৃঙ্খলা বাহিনী।

পুলিশের পক্ষ থেকে আরও জানানো হয়েছে, মাদকবিরোধী অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে। মাদকদ্রব্যের সঙ্গে জড়িত যেকোনো ব্যক্তি বা গোষ্ঠীর বিরুদ্ধে তথ্য-প্রমাণের ভিত্তিতে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

কুমারখালীতে অনলাইন জুয়ার মাস্টারমাইন্ড ‘শাওন’ এখন কোটিপতি

এনামুল হক, কুষ্টিয়া

কয়েক বছর আগেও ভবঘুরে হয়ে ঘুরে বেড়াতেন শাহরিয়ার (শাওন)। এখন কয়েকটি ব্যাবসা প্রতিষ্ঠান, ফ্ল্যাট,জমি, খামার ও কয়েক কোটি নগদ অর্থের মালিক বনে তিনি।

এলাকায় গড়ে তুলেছেন মাদককের বড় একটি চক্রও । সবকিছুর পিছনে লুকিয়ে আছে শাওনের অনলাইন জুয়ার নেটওয়ার্ক। অনলাইন জুয়ার প্লাটফর্ম গড়ে তুলে রাতারাতি কোটিপতি হয়ে এখন বিলাসবহুল জীবনযাপন করছেন তিনি।

বিগতকালে বেশ কয়েকটি পত্রিকায় তার বিরুদ্ধে নিউজ হয়, তবুও থামেনি তার অনলাইন জুয়ার প্লাটফর্ম। প্রশাসনেরও উল্লেখযোগ্য কোন ভূমিকা চোখে পড়েনি।

নির্ভরযোগ্য সূত্রে জানা যায়,অনলাইন জুয়ার মাস্টারমাইন্ড শাওনের পিছনে এলাকার স্থানীয় বড় বড় নেতা ও পাতিনেতারা অতঃপরতভাবে জড়িত। শাওন এসব নেতাদের পিছনে দিনে,সপ্তাহে, মাসে লাখ লাখ টাকা ব্যয় করে আসছে দীর্ঘদিন যাবত।

শাওন কুষ্টিয়া কুমারখালী উপজেলার চাঁদপুর ইউনিয়নের মহননগর গ্রামের মো: নাসির উদ্দীনের ছেলে।

অনুসন্ধানে জানা যায়, ৩ বছর আগেও মহননগর গ্রামের কৃষক নাসিরের ছেলে শাওনকে ভবঘুরে হিসেবেই সকলে চিনত। পড়া লেখার নামে কুষ্টিয়াতে একটি ফ্ল্যাট বাসা ভাড়া করে শুরু করে অনলাইন জুয়ার ব্যাবসা। আর তাতেই কিছুদিন যেতে না যেতেই তার ভাগ্য পাল্টাতে শুরু করে। হয়ে ওঠেন কোটিপতি। কয়েক বছরের মধ্যে শাওনের ব্যাবসাও বাড়তে শুরু করে। পান্টি বাজারে প্রায় কোটি টাকা মূল্যে দোকানঘরসহ জমি কিনেন। নিজের দোকানসহ আরো ৪-৫ টা গোডাউন ভাড়া নিয়ে রড, সিমেন্ট, সেনেটারি ঢেউটিন সহ আনুমানিক ২ কোটি টাকার ব্যাবসা গড়ে তুলেছেন। নিজের বাড়িতে আলিশান বিল্ডিং করেছে,বাড়ির সাথেই বিশাল গরুর ফার্ম রয়েছে। কুষ্টিয়াতেও নিজের নামে বেনামে কিনেছেন কয়েকটি ফ্লাট। সবই হয়েছে রাতারাতি।

এছাড়াও ৫ আগস্টের পর তিনি এলাকায় গড়ে তুলেছেন মাদকের একটি বড় সিন্ডিকেট। যার মাধ্যমে এলাকার বিভিন্ন জায়গায় মাদক পৌঁছে দেওয়া হয়। আর এ সকল কিছুর পিছনে রয়েছে শাওনের অনলাইন জুয়ার শক্তিশালী নেটওয়ার্ক। নাম প্রকাশ্যে অনিচ্ছুক তার নিজ গ্রামের একজন প্রবীণ ব্যাক্তি বলেন, আমাদের গ্রামের একজন সাধারন মধ্যবিত্ত কৃষক ঘরের সন্তান শাওন। দুই বছর আগেও ভবঘুরে হিসাবেই চিনতাম । হঠাৎ দেখছি কোটি কোটি টাকার সম্পদের মালিক হয়ে গেছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়,কুমারখালী উপজেলার চাঁদপুর ইউনিয়নের প্রায় ৫ শতাধিক কিশোর ও তরুণ নিষিদ্ধ অনলাইন স্ক্যামিংয়ে জড়িত। জড়িয়ে পড়েছে সাইবার অপরাধের মাধ্যমে ডলার কামানোর মোহে গৃহবধূ ও স্কুল-কলেজগামী ছাত্রীরাও।

এর পরিসর দিনদিন বেড়েই চলেছে। প্রশাসন যত বেশি তৎপরতা চালাচ্ছে, তারচেয়েও বেশি ভয়ঙ্কর ও সংঘবদ্ধভাবে অপরাধে জারাচ্ছেন অপরাধীরা। এই স্ক্যামাররা অনলাইনে যৌন-সংক্রান্ত ফাঁদ পেতে দেশি-বিদেশি ব্যাবহারকারিদের সঙ্গে প্রতারণার মত জঘন্য কাজও করে আসছে।

দ্রুত ধনী হওয়ার প্রতিযোগিতায় এ অন্ধকার গলিতে কোন কিছুই না ভেবেই পা বাড়াচ্ছেন উঠতি বয়সীরা।

উল্লেখ্য, বিগতকালে শাহরিয়ার (শাওন) ডিবি পুলিশের হাতে গ্রেফতার হলেও তার ইউনিয়নের এক বড় নেতা মোটা অংকের টাকার বিনিময়ে ছাড়িয়ে নিয়ে আসেন। এ ব্যাপারে শাওনের কাছে বেশ কয়েকবার মোবাইল ফোনে কল করলেও তিনি ফোন রিসিভ করেননি।

এ বিষয়ে প্রশাসনের উর্ধতন কর্মকর্তাদের কাছে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে এই অনলাইন জুয়ার মাস্টারমাইন্ড শাওনের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার জোর দাবি জানাচ্ছে এলাকার সুশীলব্যক্তিরা।

পিরোজপুরে অবৈধ কোচিংয়ের খবর সংগ্রহে গিয়ে ৩ সাংবাদিক হামলার শিকার

মো. মনিরুল ইসলাম চৌধুরীপিরোজপুর

পিরোজপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক (গণিত) আরাফাতুর রহমানের বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্য করে কোচিং করানোর অভিযোগ উঠেছে। এ বিষয়ে সংবাদ সংগ্রহ ও ভিডিও ধারণ করতে গেলে তিন সাংবাদিকের ওপর অতর্কিত হামলার অভিযোগ উঠেছে ওই শিক্ষকের বিরুদ্ধে। ঘটনায় তিন সাংবাদিক আহত হয়েছেন বলে জানা গেছে।

গত সোমবার (২৪ আগস্ট) বিকেল ৩টা ৫০ মিনিটের দিকে পিরোজপুর শহরের কৃষ্ণচূড়া মোড় এলাকায় শহীদ ওমর ফারুক কিন্ডারগার্টেনের পেছনে একটি কক্ষে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও সাংবাদিকদের অভিযোগ, ওই কক্ষে পিরোজপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের গণিতের সহকারী শিক্ষক আরাফাতুর রহমান অষ্টম শ্রেণির প্রায় ২৫ থেকে ৩০ জন শিক্ষার্থীকে কোচিং করাচ্ছিলেন। সরকারি নীতিমালা অনুযায়ী শিক্ষকদের নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কোচিং করানোর সুযোগ না থাকলেও ওই শিক্ষক নিয়মিত কোচিং করাচ্ছেনএমন তথ্যের ভিত্তিতে সাংবাদিকরা সেখানে সংবাদ সংগ্রহ ও ভিডিও ধারণ করতে যান।

সাংবাদিকদের অভিযোগ, কোচিং কার্যক্রমের ভিডিও ধারণের সময় শিক্ষক আরাফাতুর রহমান সাংবাদিকদের বাধা দেন। একপর্যায়ে স্টার নিউজ ও দৈনিক নয়া দিগন্তের পিরোজপুর জেলা প্রতিনিধি শফিকুল ইসলাম মাসুদকে কলার ধরে টেনে কক্ষের ভেতরে নিয়ে যান তিনি।

চ্যানেল এস-এর পিরোজপুর প্রতিনিধি জিয়াউল হক অভিযোগ করে বলেন, “অবৈধ কোচিংয়ের তথ্য সংগ্রহের জন্য সাংবাদিকরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে ভিডিও ধারণ করতে গেলে শিক্ষক আরাফাত স্টার নিউজ ও দৈনিক নয়া দিগন্তের সাংবাদিক শফিকুল ইসলাম মাসুদকে কলার ধরে টেনে রুমের মধ্যে নিয়ে যান। তখন আমি এবং চ্যানেল ওয়ানের জেলা প্রতিনিধি শাফিউল মিল্লাত সহকর্মীকে উদ্ধারের জন্য এগিয়ে গেলে আরাফাত আমাকে স্টিলের স্কেল দিয়ে ডান হাতের কবজির ওপর আঘাত করেন। এতে আমার হাত রক্তাক্ত হয়। একই সময়ে শাফিউল মিল্লাতকেও ধাক্কা দেওয়া হয়।” জিয়াউল হক আরও বলেন, “নিউজ সংগ্রহ করতে গিয়ে যদি আমাদের হামলার শিকার হতে হয়, তাহলে আমরা নিরাপত্তা চাইবো কার কাছে?”

হামলায় স্টার নিউজ ও দৈনিক নয়া দিগন্তের পিরোজপুর জেলা প্রতিনিধি শফিকুল ইসলাম মাসুদ, চ্যানেল ওয়ানের পিরোজপুর জেলা প্রতিনিধি শাফিউল মিল্লাত এবং চ্যানেল এস-এর পিরোজপুর প্রতিনিধি জিয়াউল হক আহত হন বলে জানা গেছে। পরে তারা পিরোজপুর জেলা হাসপাতালে চিকিৎসা নেন।

এ ঘটনায় শফিকুল ইসলাম মাসুদের পক্ষ থেকে পিরোজপুর সদর থানায় একটি লিখিত অভিযোগ দেওয়া হয়েছে। একই সঙ্গে ঘটনার বিষয়ে জেলা প্রশাসক এবং পিরোজপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি বরাবরও লিখিত অভিযোগ দেওয়া হয়েছে।

অভিযোগের বিষয়ে পিরোজপুরের জেলা প্রশাসক আবু সাঈদ বলেন, “আমরা গুরুত্বের সঙ্গে অভিযোগ গ্রহণ করেছি। তদন্ত সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।”

কোচিং করানোর অভিযোগের বিষয়ে পিরোজপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবর তালুকদার বলেন, “সরকারি নির্দেশনা মোতাবেক কোচিং করা থেকে বিরত থাকার জন্য ইতোমধ্যে আমি আমার শিক্ষকদের নির্দেশনা দিয়ে দিয়েছি। নিষেধ করা সত্ত্বেও শিক্ষকরা কীভাবে কোচিং করছেন, সেটা আমার জানা নেই।”

সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় সদর থানায় দেওয়া অভিযোগের বিষয়ে পিরোজপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শরিফুল ইসলাম বলেন, “কোচিং সেন্টারের নিউজ সংগ্রহের জন্য গিয়ে শিক্ষক কর্তৃক সাংবাদিকদের ওপর হামলা হয়েছে মর্মে একটি লিখিত অভিযোগ পেয়েছি। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।”

এদিকে সাংবাদিকদের ওপর হামলার খবর ছড়িয়ে পড়লে স্থানীয় সাংবাদিকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। সাংবাদিকরা সরকারি নির্দেশনা অমান্য করে কোচিং পরিচালনার অভিযোগ তদন্তের পাশাপাশি সংবাদ সংগ্রহে বাধা, হামলা ও হুমকির ঘটনায় জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন। স্থানীয় সাংবাদিকদের ভাষ্য, সংবাদ সংগ্রহের মতো দায়িত্বশীল পেশাগত কাজে গিয়ে সাংবাদিকদের যদি হামলা ও হয়রানির শিকার হতে হয়, তাহলে মাঠপর্যায়ে সাংবাদিকদের নিরাপত্তা নিয়ে গুরুতর প্রশ্ন দেখা দেয়। দ্রুততম সময়ের মধ্যে ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার না হলে কলম বিরতিসহ কঠোর কর্মসূচি নেওয়ার সিদ্ধান্ত আসতে পারে বলেও জানিয়েছেন তারা।

মানিকগঞ্জে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ

এস. এ. আলমগীর, মানিকগঞ্জ

পরিবেশের ভারসাম্য রক্ষা, সবুজায়ন সম্প্রসারণ ও জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলার লক্ষ্যে মানিকগঞ্জে রোটারি ক্লাব অব ঢাকা নর্থ ওয়েস্টের উদ্যোগে ‘ট্রিজ ফর লাইফ’ কর্মসূচি পালন করা হয়েছে। গতকাল মঙ্গলবার সদর উপজেলার নবারুণ উচ্চ বিদ্যালয় মাঠে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণ করা হয় এবং শিক্ষার্থীদের মাঝে চারা বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সংরক্ষিত নারী সংসদ সদস্য ও রোটারি ক্লাবের সভাপতি কাজী সাহেরা আনোয়ারা শাম্মী শের। আরও উপস্থিত ছিলেন রোটারি ক্লাবের সাবেক সভাপতি এম. এ. রহিম, উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি কাজী ইকবাল হোসেন, নবারুণ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জহিরুল আলম, সহকারী প্রধান শিক্ষক মো. মজিবুর রহমান, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। আয়োজকরা জানান, পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবিলা এবং নতুন প্রজন্মের মধ্যে পরিবেশ সচেতনতা গড়ে তোলাই এ কর্মসূচির মূল উদ্দেশ্য।

শিক্ষার্থীদের হাতে গাছের চারা তুলে দিয়ে তাদের বৃক্ষরোপণ ও পরিচর্যায় উদ্বুদ্ধ করার পাশাপাশি পরিবেশ সংরক্ষণে সামাজিক আন্দোলন গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে।

আয়োজকরা আরও বলেন, ‘ট্রিজ ফর লাইফ’ কর্মসূচি পরিবেশ রক্ষায় করপোরেট অংশীদারিত্বের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। শুধু গাছের চারা বিতরণ ও বৃক্ষরোপণ করলেই হবে না, রোপণ করা প্রতিটি গাছের নিয়মিত পরিচর্যা ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে। সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমেই একটি সবুজ, সুন্দর ও বাসযোগ্য পরিবেশ গড়ে তোলা সম্ভব। কর্মসূচির আওতায় শুধু নবারুণ উচ্চ বিদ্যালয়েই নয়, জাগীর, মাধবপুর, ফরিরচর, আটিগ্রাম, নারিকুলী, ডায়রামপুর, কাটিগ্রাম ও কেষ্টি এলাকার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানেও গাছের চারা বিতরণ ও রোপণ করা হয়েছে।

কমলগঞ্জে ৬ দিনব্যাপী রাধাকৃষ্ণের ঝু লনযাত্রা শুরু

পিন্টু দেবনাথ, মৌলভীবাজার

মৌলভীবাজারের কমলগঞ্জ উপজেলার আলীনগর চা-বাগানের শিবমন্দির প্রাঙ্গণে ৬ দিনব্যাপী ৭৫তম শ্রী শ্রী রাধাকৃষ্ণের ঝুলনযাত্রা ও মেলা গত ২৩ আগস্ট রোববার রাত থেকে বিপুল উৎসাহ উদ্দীপনা ও ধর্মীয় ভাবগাম্ভীর্য্যরে মধ্যদিয়ে শুরু হয়েছে। আগামি গত শুক্রবার (২৮ আগস্ট) রাতে এই ঝুলনযাত্রা ও মেলার সমাপ্তি ঘটবে। ঝুলনযাত্রা উপলক্ষে এবারও আলীনগর নাচঘর এলাকায় বিভিন্ন সামগ্রী নিয়ে শতাধিক স্টল বসেছে। সিলেট বিভাগের বিভিন্ন স্থান থেকে প্রতিদিন হাজার হাজার লোকের ভিড় জমছে। এদিকে গত সোমবার রাতে আলীনগর চা বাগানে ঝুলনযাত্রা উৎসব পরিদর্শন করে ভক্ত ও দর্শনার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও মৌলভীবাজার-৪ (শ্রীমঙ্গল-কমলগঞ্জ) আসনের সংসদ সদস্য মো. মুজিবুর রহমান চৌধুরী । এ সময় উপস্থিত ছিলেন কমলগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সন্দীপ তালুকদার, আলীনগর চা বাগানের প্রধান ব্যবস্থাপক হাবিব আহমদ চৌধুরী, জেলা বিএনপির সদস্য দুরুদ আহমদ, উপজেলা বিএনপির আহবায়ক ও পতনঊষার ইউপি চেয়ারম্যান অলি আহমদ খান, যুগ্ম আহবায়ক মো. আবুল হোসেন, আদমপুর ইউপি চেয়ারম্যান মো. আবদাল হোসেন, বিএনপি নেতা প্রভাষক লক্ষীকান্ত সিংহসহ স্থানীয় বিএনপি, যুবদল, ছাত্রদলের নেতৃবৃন্দ। স্বাগত বক্তব্য রাখেন ঝুলনযাত্রা উদযাপন কমিটির সাধারণ সম্পাদক সজল কৈরী। এদিকে কমলগঞ্জ উপজেলার শমশেরনগর কালীবাড়ি, পাত্রখোলা চা বাগান, মাধবপুর চা বাগানসহ বিভিন্ন স্থানে ৬ দিনব্যাপী রাধাকৃষ্ণের ঝুলনযাত্রা চলছে। ৬ দিনব্যাপী ঝুলনযাত্রায় বিভিন্ন কর্মসূচির মধ্যে রয়েছে পূজা-অর্চনা, গীতা পাঠ, ধর্মীয় আলোচনা, ভোগরাগ, আরতি কীর্তন, পদাবলী কীর্তন, মহাপ্রসাদ বিতরণ প্রভৃতি।

পলাশে ট্রলির ধাক্কায় প্রাণ আরএফএল গ্রুপের শ্রমিক নিহত

নরসিংদী প্রতিনিধি

নরসিংদীর পলাশে ইটবোঝাই লরির ধাক্কায় প্রাণ আরএফএল গ্রুপের শ্রমিক সেলিম মিয়া (৪২) নিহত হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে পলাশ উপজেলার ডাংগার তেপোথা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সেলিম মিয়া ডাংগা ইউনিয়নের সান্তানপাড়া গ্রামের মিয়াজিগাঁও এলাকার মৃত আয়ুব আলীর ছেলে। তিনি স্থানীয় প্রাণ-আরএফএল কোম্পানির চরকা টেক্সটাইল মিলের শ্রমিক বলে জানা গেছে। পুলিশ ও স্থানীয়রা জানান, গতকাল সকালে সেলিম মিয়া সাইকেল যোগে কর্মস্থলে যাওয়ার জন্য বাসা থেকে বের হন। সকাল সাড়ে ৭টায় ডাংগা-পাঁচদোনা সড়কের তেপোথা এলাকায় পৌঁছলে ইট বোঝাই একটি ট্রলি তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলে তার মৃত্যু হয়। এসময় সড়কের পাশে ট্রলি ফেলে রেখে পালিয়ে যায় ট্রলি চালক।

ঘটনার সত্যতা নিশ্চিত করে পলাশ থানার এসআই মামুন বলেন, নিহতের মরদেহ ঘটনাস্থল থেকে উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় নিহতের পরিবারের আবেদনের প্রেক্ষিতে ময়নাতদন্ত ছাড়া মরদেহ হস্তান্তর করা হয়েছে।

মার্কিন বাণিজ্য চুক্তি বাতিল

গোবিন্দগঞ্জে গণতান্ত্রিক অধিকার কমিটির পথসভা

নুর আলম আকন্দ, গোবিন্দগঞ্জ (গাইবান্ধা)

মার্কিন বাণিজ্য চুক্তি বাতিল, গ্যাস, বিদ্যুৎ সংকটের জনবান্ধব সমাধান, জ্বালানী, বিদ্যুৎ ও রাষ্ট্রায়ত্ত খাতের বেসরকারিকরন বন্ধে এবং ঐতিহাসিক ফুলবাড়ী চুক্তির পূর্ণ বাস্তবায়নের দাবিতে গাইবান্ধার গোবিন্দগঞ্জে গণতান্ত্রিক অধিকার কমিটির এক বিশাল পথসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুর সাড়ে ১২টায় গোবিন্দগঞ্জ থানামোড়ে গণতান্ত্রিক অধিকার কমিটির উদ্যোগে ঢাকা থেকে দিনাজপুরের ফুলবাড়ী অভিমুখে পরিচালিত প্রচার যাত্রা পথে গোবিন্দগঞ্জে এই পথসভার আয়োজন করা হয়। বাসদ কেন্দ্রীয় নেতা ও গোবিন্দগঞ্জ উপজেলা শাখার আহ্বায়ক কমরেড রফিকুল ইসলাম রফিকের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক কমরেড কালামানিক দেবের সঞ্চালনায় পথ সভায় গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড সুমাইয়া আক্তার, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি কমরেড ইভান তাসির, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি কমরেড মোজাম্মেল হক এবং তেল-গ্যাস-খনিজ সম্পদ ও বিদ্যুৎ-বন্দর রক্ষা জাতীয় কমিটি গাইবান্ধা জেলা শাখার সদস্য সচিব কাজী আবু রাহেন শফিউল্লাহ। পথসভায় বক্তারা দেশবিরোধী মার্কিন বাণিজ্য চুক্তি অবিলম্বে বাতিলের দাবি জানান। একইসঙ্গে ২০০৬ সালের ঐতিহাসিক ফুলবাড়ী চুক্তির সকল শর্ত পূর্ণ বাস্তবায়ন এবং দেশের জ্বালানি ও বিদ্যুৎ খাতের সংকট সমাধানে জনবান্ধব নীতি গ্রহণের মাধ্যমে মার্কিন বাণিজ্য চুক্তি বাতিল, গ্যাস, বিদ্যুৎ সংকটের জনবান্ধব সমাধান, জ্বালানি, বিদ্যুৎ ও রাষ্ট্রায়ত্ত খাতের বেসরকারিকরণ বন্ধে এবং ঐতিহাসিক ফুলবাড়ী চুক্তির পূর্ণ বাস্তবায়নের দাবি জানান।

বক্তারা আরও বলেন, জনগণের সম্পদ গ্যাস, বিদ্যুৎ ও রাষ্ট্রায়ত্ত খাতকে ব্যক্তি মালিকানায় ছেড়ে দেওয়া বা বেসরকারিকরণ করার প্রক্রিয়া বন্ধ করতে হবে। নতুবা সাধারণ মানুষের জীবনযাত্রা আরও দুর্বিষহ হয়ে পড়বে। সভায় গণতান্ত্রিক অধিকার কমিটির কর্মসূচির প্রতি সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান এমএ মতিন মোল্লা, সিপিবি গাইবান্ধা জেলা শাখার নেতা কমরেড তাজুল ইসলাম এবং জে এস ডি'র গোবিন্দগঞ্জ উপজেলা সভাপতি আইয়ুব হোসেন প্রমুখ।

পথসভা থেকে বক্তারা দেশের গণতান্ত্রিক ও অর্থনৈতিক অধিকার রক্ষায় এবং জাতীয় সম্পদ রক্ষার লড়াইয়ে দল-মত নির্বিশেষে সর্বস্তরের জনগণকে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার উদাত্ত আহ্বান জানান। প্রচার যাত্রাটি গোবিন্দগঞ্জ থেকে ফুলবাড়ীর উদ্দেশ্যে রওনা হওয়ার মাধ্যমে পথসভাটি সমাপ্ত হয়।

সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় নিহত আহত পরিবারের মাঝে চেক বিতরণ

মীর আবু বকর, সাতক্ষীরা

সাতক্ষীরা জেলায় সড়ক দুর্ঘটনায় নিহত ও আহত ব্যক্তিবর্গের পরিবারের অনুকূলে চেক প্রদান করা হয়েছে। বিআরটিএ ট্রাস্টি বোর্ড কর্তৃক মঞ্জুরীকৃত বি আর টি এ সাতক্ষীরা সার্কেলের আয়োজনে গতকাল মঙ্গলবার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সাতক্ষীরা জেলা প্রশাসক কাউসার আজিজের সভাপতিত্বে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. আবুল হাশেম, খুলনা বিভাগীয় মালিক শ্রমিক ঐক্য পরিষদের উপদেষ্টা ও জেলা বাস-মিনিবাস মালিক সমিতির সাধা. সম্পাদক আলহাজ্ব মোঃ আব্দুর রউফ, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি বিশিষ্ট সমাজসেবক আলহাজ্ব ডা. আবুল কালাম বাবলা, বিআরটিএ মোটরযান পরিদর্শক মো. ওমর ফারুক, বাস-মিনিবাস মালিক সমিতির সাংগঠনিক সম্পাদক উজ্জ্বল সাধু প্রমুখ।

জেলা প্রশাসক বলেন,কোন দুর্ঘটনায় কাম্য নয়। দুর্ঘটনায় একটি পরিবারের জন্য সারা জীবনের কান্না হয়ে দাঁড়ায়। পরিবারের প্রধান উপার্জনক্ষম ব্যক্তি দুর্ঘটনা শিকার হলে পরিবারটি দুঃখ কষ্ট নেমে আসে। আপনারা টাকাটা সঠিক কাজে প্রয়োগ করবেন। প্রশিক্ষণ নিয়ে টাকা দিয়ে খামার করতে পারেন।অনুষ্ঠানে জেলায় সংগঠিত সড়ক দুর্ঘটনায় নিহত ও আহত ২৭ টি পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত ৯৭ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়। এসময় বিআরটিএ সাতক্ষীরার কর্মকর্তা ও সড়ক দুর্ঘটনায় আহত ও নিহতদের পরিবার সদস্যারা উপস্থিত ছিলেন। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন বিআরটিএ সাতক্ষীরার সহকারী পরিচালক মোঃ জমির হোসেন।

গোপালগঞ্জে এক্সিকিউটিভ ক্লাবের বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

গোপালগঞ্জ থেকে মিজানুর রহমান মানিক

বাংলাদেশের বিভিন্ন ঔষধ কোম্পানিতে কর্মরত ম্যানেজারবৃন্দের সংগঠন এক্সিকিউটিভ ক্লাব, গোপালগঞ্জ এর ২০ বছর পূর্তি উপলক্ষ্যে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন সম্পন্ন হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল চত্বরে বিভিন্ন জাতের ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ কর্মসূচির উদ্বোধন করেন ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জীবিতেষ বিশ্বাস। এসময় গোপালগঞ্জ এক্সিকিউটিভ ক্লাবের উপদেষ্টা ডা. মো. আহমাদুল কবীর এবং সভাপতি সরদার গোলাম মোস্তফা, সাধারণ সম্পাদক বিশ্বজিৎ সরকার ও ম্যানেজারবৃন্দ উপস্থিত ছিলেন। বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন শেষে গোপালগঞ্জ এক্সিকিউটিভ ক্লাবের নেতৃবৃন্দ হাসপাতাল কম্পাউন্ডের বিভিন্ন স্পটে শতাধিক পেয়ারা, কদবেল, হরীতকী, বহেরাসহ বনজ বৃক্ষের চারা রোপন করেন। পরে আরও শতাধিক চারা শ্রমজীবী মানুষের মানুষের মাঝে বিতরণ করা হয়।

কালিয়াকৈরে নারীসহ তিন মাদক ব্যবসায়ী গ্রেপ্তার

কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার হিজলহাটি পলমল গার্মেন্টসের গেটের সামনে পাকা রাস্তার উপড় মাদক ব্যবসায়ীরা ইয়াবা ট্যাবলেট ক্রয় বিক্রয় করার সময় তিন মাদক ব্যবসায়ীকে ১০৫০ পিস ইয়াবাসহ তাদের গ্রেফতার করেছে কালিয়াকৈর থানা পুলিশ। গত সোমবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। গতকাল মঙ্গলবার দুপুরে তাদের আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন- রংপুর জেলার রংপুর সদর উপজেলার নুনীটারী হরকলি এলাকার ওহেদুল ইসলামের ছেলে সেলিম মিয়া (২৬), কালিয়াকৈর উপজেলার হিজলহাটি এলাকার সেলিম মিয়ার স্ত্রী রিনা বেগম (৪০), কালিয়াকৈর উপজেলার হিজলহাটি ইকবাল গাজীর ছেলে রবিউল ইসলাম (২৩)। জানা যায়, গত সোমবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ অভিযান চালিয়ে উপজেলার হিজলহাটি পলমল গার্মেন্টসের সামনে থেকে তিনজন মাদক ব্যবসায়ী ইয়াবা ক্রয় বিক্রয় করার সময় পুলিশের টের পেয়ে পালানোর চেষ্টা করলে তিনজনকে গ্রেফতার করা হয়। পরে আসামি সেলিম মিয়ার প্যান্টের ডান পকেট থেকে সাদা পলিথিনের জিপার রক্ষিত ৪৫০ পিচ ইয়াবা ট্যাবলেট, রিনা বেগম এর পরিহিত স্যালোয়ারের ডান পাশের পকেট থেকে সাদা পলিথিনে জিপারে রক্ষিত ৪০০ পিস ইয়াবা ট্যাবলেট, রবিউলের পরিহিত লুঙ্গির বাম পাশের কোচ থেকে সাদা পলিথিন জিপারে রক্ষিত ২০০ পিচ ইয়াবা ট্যাবলেট তাদের কাছ থেকে উদ্ধার করা হয়। মোট ১০৫০ পিস ইয়াবা ট্যাবলেট যার আনুমানিক মূল্য ৩ লাখ ১৫ হাজার টাকা। কালিয়াকৈর থানার উপ-পরিদর্শক (এস আই) আবুল হাসান জানান, সোমবার রাতে অভিযান চালিয়ে ১০৫০ পিস ইয়াবা সহ তিনজন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে তাদের আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে। তবে মাদকের বিরুদ্ধে আমাদের এ অভিযান অব্যাহত থাকবে।